



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ৩ ডিসেম্বর, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

বিশ্ব প্রতিবন্ধী দিবস ২০১৬ উপলক্ষ্যে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর পূর্ণ বাস্তবায়নের দাবী জানাচ্ছে ব্লাস্ট

আজ ৩ ডিসেম্বর ২০১৬ 'বিশ্ব প্রতিবন্ধী দিবস'-এ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) প্রতিবন্ধী দিবস ২০১৬ উপলক্ষ্যে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ অনুযায়ী বিভিন্ন অধিকার বিষয়ক ধারা যেমন প্রবেশগম্যতা, যুক্তিসাপেক্ষ বাস্তবায়ন ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মের অধিকার পূর্ণ বাস্তবায়নের জন্য জোর দাবী জানাচ্ছে।

ব্লাস্ট বিভিন্ন পর্যায়ে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা কমিটিসমূহ গঠিত হয়েছে কিনা - এ মর্মে তথ্য জানতে চেয়ে ব্লাস্ট তথ্য অধিকার আইনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন করেছে। প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যায়, অধিকাংশ উপজেলায় কমিটি গঠিত হয়নি। ব্লাস্ট এ কমিটিগুলো দ্রুত গঠনের জন্য অনুরোধ জানাচ্ছে।

উল্লেখ্য, ব্লাস্ট, এনজিডিও এবং এনসিডিডব্লিও এর পক্ষ থেকে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর সুষ্ঠু বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট প্রতিকার চেয়ে হাই কোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের করা হয়। এ মামলার প্রেক্ষিতে মহামান্য আদালত ১৮ মে ২০১৫ তারিখে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইনকে কার্যকর করার জন্য আইনানুযায়ী প্রজ্ঞাপন জারী, আইনের অধীনে বিভিন্ন পর্যায়ের কমিটি সমূহ গঠন এবং বিধিমালা প্রণয়নের জন্য সরকারকে কেন নির্দেশ প্রদান করা হবে না মর্মে রুল প্রদান করেন। এর প্রেক্ষিতে সরকার ২০১৫ সালে প্রজ্ঞাপন জারি করেন।

বাত্ম প্রেরক

মাহবুবা আক্তার, উপ-পরিচালক,

যোগাযোগ ও এডভোকেসি, ব্লাস্ট,

ফোন ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd